গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dam.portal.gov.bd

স্মারক নং- ১২.০২.০০০০.০০২.১১.২৯১.১২-২৬৬

তারিখঃ ১৯ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ
০২ মে ২০১৯খ্রিস্টাব্দ

"নিয়োগ বিজ্ঞপ্তি"

কৃষি মন্ত্রণালয়ের ৩১/১২/২০১৮ তারিখের ১২.০০.০০০০.০৫৩.১১.০০১.১৮.৪৭৬ নং পত্রের মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-এর ৩য় শ্রেণীর (১২-১৬ গ্রেড) শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক সরাসরি জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদসমূহে শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম এবং জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
(১)	(২)	(৩)	(৪)	(৫)
০১.	মাঠ ও বাজার পরিদর্শক গ্রেড-১২ স্কেলঃ ১১,৩০০-২৭,৩০০/-	৩৩টি	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে কৃষিতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। (খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে।	ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর, কিশোরগঞ্জ, টাংগাইল, ময়মনসিংহ, শেরপুর, চট্রগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাম্মনবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষীপুর, নোয়াখালি, রাঙ্গামাটি, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ, জয়পুরহাট, পাবনা, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, ভোলা, ঝালকাঠি। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
০২.	সাঁট-লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর গ্রেড-১৩ স্কেলঃ ১১,০০০-২৬,৫৯০/-	৬টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। (খ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৮০ শব্দ এবং বাংলায় ৫০ শব্দ; (গ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ;	-ঐ-
০৩.	হিসাব রক্ষক গ্রেড-১৪ স্কেলঃ ১০,২০০-২৪,৬৮০/-	৫টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে।	- ঐ -
০৪.	সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর গ্রেড-১৪ স্কেলঃ ১০,২০০-২৪,৬৮০/-	১টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। (খ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ; (গ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ;	-ঐ-
০৫.	স্টোর কিপার গ্রেড-১৬ স্কেলঃ ৯,৩০০-২২,৪৯০/-	১টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে।	-ঐ-
০৬.	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড-১৬ স্কেলঃ ৯,৩০০-২২,৪৯০/-	৯টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। (খ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ;	-ঐ-
০৭.	ক্যাশিয়ার গ্রেড-১৬ স্কেলঃ ৯,৩০০-২২,৪৯০/-	১টি	কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে।	-ঐ-

ক্রমিক নং	পদের নাম এবং জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
(১)	(২)	(৩)	(৪)	(৫)
০৮.	গাড়ী চালক (ভারী) গ্রেড-১৫ স্কেলঃ ৯,৭০০-২৩,৪৯০/-	১টি	(ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ভারি যানবাহন চালনায় পারদর্শী হইতে হইবে।	-ঐ-
০৯.	গাড়ী চালক (হালকা) গ্রেড-১৬ স্কেলঃ ৯,৩০০-২২,৪৯০/-	৪টি	(ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা যানবাহন চালনায় পারদর্শী হইতে হইবে।	-ঐ-

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ

০১. **০১/০৫/২০১৯**খ্রিঃ তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এভিডেভিট গ্রহণযোগ্য নয়।

০২. সরকারি, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

০৩. অনলাইনে আবেদন করতে হবে। মুদ্রিত/হস্তলিখিত কোন প্রকার আবেদন বা কাগজপত্র ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

০৪. জেলা কোটাসহ সরকার কর্তৃক প্রচলিত অন্যান্য সকল প্রকার কোটা বিধি অনুযায়ী অনুসরণ করা হবে।

০৫. আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লিখিত রয়েছে অনলাইনে আবেদন ফরম এবং পরবর্তীতে হুবহু সেভাবে লিখতে হবে।

০৬. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি *http://dam.teletalk.com.bd* এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

(i) Online- এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ **০৬/০৫/২০১৯** খ্রিঃ সকাল- ১০:০০ টা।

(ii) Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ **২৩/০৫/২০১৯** খ্রিঃ বিকাল- ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে **SMS** এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online- এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ কেবি ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ কেবি হতে হবে।

(গ) Online- এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online- এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

(ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ Online- এ আবেদন (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং-১ থেকে ৯ পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বার) টাকাসহ সর্বমোট ১১২/-(একশত বার) টাকা অনলাইনে আবেদন Submit-এর পর অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **"এখানে বিশেষভাবে উল্লেখ্য যে Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS:DAM<Space>User ID লিখে Send করতে হবে16222 নম্বরে।

Example: DAM ABCEF

Reply: Applicant's Name, Tk. 112/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DAM<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: DAM<Space>Yes<Space>PIN লিখেSend করতে হবে16222 নম্বরে।

Example: DAM YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DAM Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি *http://dam.teletalk.com.bd* **অথবা কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েবসাইটে www.dam.portal.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

(ছ) SMS–এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক (সম্ভব হলে রঙ্গিণ) Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে DAM<Space>Help<Space>User<Space>User ID Send to 16222.
Example: DAM HELP USER ABCDEF & send to 16222

(ii) PIN Number জানা থাকলে DAM<Space>Help<Space>PIN<Space>PIN No & Send to 16222.
Example: DAM HELP USER ABCDEF & send to 16222

(ঝ) Online- এ আবেদন করতে কোনো সমস্যা হলে **০১৬৮২৪৩৭২৯৬** নম্বরে সরাসরি যোগাযোগ অথবা adict@dam.gov.bd ও vas.quary@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

০৭. **প্রার্থীর যোগ্যতা যাচাইঃ**

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং ১-৭) পর্যন্ত কাগজপত্রের মূলকপি প্রদর্শন পূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০১. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।
০২. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
০৩. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।
০৪. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
০৫. ক্রমিক নং ৮ ও ৯ এ বর্ণিত পদের প্রার্থীর ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত অনুলিপি।
০৬. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।
০৭. Online- এ পূরণকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি (Application's Copy)।

০৮. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.dam.portal.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।
০৯. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
১০. নিয়োগে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তাও নির্দেশনা মতো অনুসরণ করা হবে।
১১. কোন প্রকার কারণ উল্লেখ ব্যতিরেকে কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১২. লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৩. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

০২।০৫।১৭

(ইকবাল হোসেন চাকলাদার)
(উপসচিব)
উপ-পরিচালক(আরইটিসি)
ও
সদস্য সচিব
বাছাই/নির্বাচন কমিটি
কৃষি বিপণন অধিদপ্তর।